

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.১৭৮.২২.৩৯৬

তারিখ: ১৭/০৪/২০২২ খ্রিষ্টাব্দ


বিষয় : আইজিএভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩ দিন মেয়াদী ৫টি ব্যাচের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের সংস্থান রয়েছে। সে আলোকে ইতোমধ্যে উপজেলা পর্যায়ে অর্থ ছাড়া করা হয়েছে। তাছাড়া ৩০ দিন মেয়াদী ২টি ব্যাচে আবাসিক সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ বাপার্ড, কোটালীপাড়া, গোপালগঞ্জ আয়োজন করা হবে।

২। উল্লেখ্য, ০৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণের জন্য প্রতি ব্যাচে ৩০ জন করে সুফলভোগী অংশ গ্রহণের সুযোগ রয়েছে। সে আলোকে প্রতি ব্যাচের বিপরীতে ৩০ জন করে চূড়ান্তকরণসহ ১০ জনকে অপেক্ষামান তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। তাছাড়া বর্ণিত ৫টি ব্যাচে কোন কোন আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন তা নির্ধারণ করতে হবে।

৩। আরো উল্লেখ্য যে, ৩০ দিন মেয়াদী প্রশিক্ষণের ক্ষেত্রে প্রতি ব্যাচে ৪০ জন করে ২টি ব্যাচে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ৮০ জনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। সে আলোকে প্রতি উপজেলা হতে ন্যূনতম পক্ষে আগ্রহী ৫ জন সুফলভোগীর তালিকা চূড়ান্ত করতে হবে।

এমতাবস্থায় ২০২১-২০২২ প্রকল্পের অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে ০৩ দিন মেয়াদী ৫টি ব্যাচে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ এবং ৩০ দিন মেয়াদী ২টি ব্যাচ সেলাই ও এমব্রয়ডারী আবাসিক প্রশিক্ষণের উল্লেখিত নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তালিকা (ব্যাচ ভিত্তিক অপেক্ষমানসহ) চূড়ান্ত করে আগামী ২৬/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।